# Times Today BD

খুলনা | 30 March, 2025

বাগেরহাটে সুন্দরবন সংলগ্ন লোকালয় থেকে ১৬ ফুট লম্বা একটি বিশাল আকৃতির অজগর সাপ উদ্ধার করা হয়েছে।

শনিবার (২৯ মার্চ) রাতে শরনখোলা উপজেলার বগী গ্রামের আমির তালুকদারের বাগান থেকে ভিটিআরটি ও সিপিজির সদস্যরা সাপটিকে উদ্ধার করেন পরে আজ সকালে সাপটিকে সুন্দরবনে অবমুক্ত করা হয়।উদ্ধার হওয়া অজগরটির ওজন প্রায় ৪০ কেজি।এই ধরণের বড় সাপ লোকালয়ে দেখা দেওয়ায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

পূর্ব সুন্দরবনের শরণখোলা রেঞ্জের বগী স্টেশন কর্মকর্তা মো. সবুর হোসেন বলেন, উপজেলার বগী গ্রামের আমির তালুকদারের বাগানে রাতে লোকজন ফোঁস ফোঁস শব্দ শুনতে পান। পরে কাছে গিয়ে টর্চ লাইট ধরে বিশাল অজগর দেখতে পান।এরপর গ্রামের ভিটিআরটি টিমের লিডার মো. সোলায়মানকে খবর দেন।পরে ভিটিআরটি, সিপিজি ও বনরক্ষীরা যৌথভাবে সাপটিকে উদ্ধার করে বগী স্টেশন অফিসে নিয়ে আসেন।সাপটিকে রোববার সকালে স্টেশন সংলগ্ন বনে ছেড়ে দেয়া হয়।এদিকে বার বার বিশালাকৃতির অজগর গ্রামে ঢুকে পড়ায় স্থানীয়দের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে।তবে সাপ নিয়ে আতঙ্কিত না হয়ে সবাইকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন বনসংলগ্ন এলাকার বাসিন্দাদের সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।সাপ দেখলে পিটিয়ে না মারারও অনুরোধ জানান তিনি।

অজগর সাপ অবমুক্ত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 04:09

URL: https://www.timestodaybd.com/khulna/205775807